



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক বিভাগ

## শুভেলা অধিশাখা

नं०- ३५,००,००००,०२८,२१,०६६,१२-८८

তারিখ : ১০ মার্চ ২০১৩  
২৬ ফাল্গুন ১৪১৯

ପ୍ରଜ୍ଞାପନ

জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-৬০১৯২৫), সড়ক ও জনপথ অধিদপ্তরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭-১১-২০০৩ তারিখের সম/ননি/১০/২০০৩-১৮৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২২তম বিসিএস (সড়ক ও জনপথ), ক্যাডারে নিয়োগ দেয়। সে প্রেক্ষিতে তিনি সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে গত ১০-১২-২০০৩ তারিখে যোগদান করেন;

যেহেতু, জনাব মোঃ শাহরিয়ার কবির, সরকারী প্রকৌশলী (সিলিন) (পরিচিতি নম্বর-৬০১৯২৫)-এর  
চাকুরী স্থায়ী না হওয়েই তিনি যুক্তরাষ্ট্রের University of Detroit Mercy-তে M.Sc in Civil &  
Environmental Engineering এ ২(দুই) বছর মেয়াদি মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য ০৪-০৪-২০০৮  
তারিখে শিক্ষা ছুটির আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে যোগাযোগ মন্ত্রণালয় হতে ১৩-০৪-২০০৮  
তারিখ আরএইচই/৮পি-৯/২০০৮-১৬৭ সংখ্যক প্রজ্ঞাপন মূলে শর্ত সাপেক্ষে ০৫-০৫-২০০৮ তারিখ হতে  
০২(দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা হয়;

যেহেতু, জনাব মোঃ শাহরিয়ার কবির মঙ্গুরীকৃত বিনা বেতনে অসাধারণ ছুটি ০৪-০৫-২০০৬ তারিখে  
শেষ হওয়ায় পুনরায় ০৫-০৫-২০০৬ হতে ৩১-১২-২০০৭ তারিখ পর্যন্ত ছুটি বর্ধিত করার জন্য আবেদন করেন  
এবং যোগাযোগ মন্ত্রণালয় হতে ২৫-০৪-২০০৬ তারিখ সজস-১/৮পি-৯/২০০৪-২৫৮ সংখ্যক প্রজ্ঞাপন মূলে শর্ত  
সাপেক্ষে ০৫-০৫-২০০৬ তারিখ হতে ৩১-১২-২০০৭ তারিখ পর্যন্ত ১ বছর ৬ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি  
মঙ্গুর করা হয়। পুনরায় ২৪-১২-২০০৭ তারিখে ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে যোগাযোগ মন্ত্রণালয়  
হতে ০৬-০৪-২০০৮ তারিখে সজস-১/৮পি-৯/২০০৪-২৬৯ সংখ্যক প্রজ্ঞাপন মূলে ৩৬ মাসের (০৫-০৫-২০০৪  
হতে ৩১-১২-২০০৭ পর্যন্ত) বিনাবেতনে অসাধারণ ছুটির মেয়াদ ৩০-০৬-২০০৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়;

যেহেতু, মঙ্গুরীকৃত উক্ত চুটির মেয়াদ ৩০-০৬-২০০৮ তারিখে শেষ হলেও তিনি কর্মস্থলে যোগদান না করে ০১-০৭-২০০৮ তারিখ হতে অনুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-৬০১৯২৫) নিয়োগ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-গ এ উল্লেখিত শর্ত অনুযায়ী ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে চাকুরী করেননি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭-১১-২০০৩ তারিখের সম/ননি/১০/২০০৩-১৮৪ সংখ্যক প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-গ এর শর্ত অনুযায়ী সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করার জন্য মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয়;

যেহেতু, জনাব মোঃ শাহরিয়ার কবির কে চাকুরি হতে অপসারণ (removal from service)- এর  
বিষয়ে মহামান্য বট্টপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

## (অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

পূর্ব পাতার পর-

সেহেতু, জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-৬০১৯২৫), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৭-২০০৮ থেকে চাকুরি হতে অপসারণ (removal from service) করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এম, এ, এন, ছিদ্রিক)  
সচিব

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১১.১২- ৮৮/১(১৩)

তারিখঃ ..... ১০ মার্চ, ২০১৩  
২৬ ফাল্গুন ১৪১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ৫। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৬। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
- ৮। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী ব্রাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৩। জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-৬০১৯২৫), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।

(যাহিদা খানম)  
উপসচিব

ফোনঃ ৭১৭২৩৪২।